গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

SYLHET
*the daughter of nature*

**'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট
তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০২৩
সময় : বেলা ১২.০০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসক, সিলেট এর সম্মেলনকক্ষ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। সভাপতি বলেন, বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অপরিসীম। ২০১৭ সালে ইউনেস্কো (UNESCO) ঐতিহাসিক এই ভাষণকে বৈশ্বিক দলিল (Memory of the word Register) এ-অনন্তর্ভূক্তকরণ) হিসেবে স্বীকৃত দেওয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলেও এ ভাষণের তাৎপর্য বহুগুণে বৃদ্ধি পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখু মুজবুির রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস হিসেবে ঘোষণা এবং দিবসটিকে 'ক' শ্রেণীভূক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখ পরিপত্র জারি করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জাতীয় পর্যায়ে গৃহীত অনুষ্ঠানমালার সাথে সামঞ্জস্য রেখে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**কর্মসূচি:**

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ১. | ৭ মার্চ ২০২৩ সকাল ৯.০০ ঘটিকা | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরাল | সংশ্লিষ্ট উপকমিটি |
| ২. | ৭ মার্চ ২০২৩ সকাল ১০.০০ ঘটিকা | বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনী নিয়ে প্রামাণ্যচিত্র প্রদর্শনী | কবি নজরুল অডিটোরিয়াম, রিকাবীবাজার, সিলেট | জেলা তথ্য অফিস, সিলেট |
| ৩. | ৭ মার্চ ২০২৩ সকাল ১০.৩০ ঘটিকা | স্বাস্থ্যবিধি মেনে ছাত্র-ছাত্রী ও বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণে সমাবেশ, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | কবি নজরুল অডিটোরিয়াম, রিকাবীবাজার, সিলেট | স্ব স্ব কর্তৃপক্ষ |
| ৪. | ৬ ও ৭ মার্চ ২০২৩ | কবি নজরুল অডিটোরিয়াম ও এর নিকটবর্তী সড়ক, অন্যান্য সড়ক ও সড়কদ্বীপসমূহ জাঁকজমকপূর্ণভাবে ব্যানার, জাতীয় পতাকা ও ফেস্টুন দ্বারা সুসজ্জিতকরণ | নগরীর গুরুত্বপূর্ণ স্থান | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট<br>২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট |
| ৫. | ৭ মার্চ ২০২৩ দিনব্যাপী | ঐতিহাসিক ৭ই মার্চ দিবসটির তাৎপর্য তুলে ধরে স্থানীয় ও অনলাইন পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ | -- | সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাবসমূহ |
| ৬. | ৭ মার্চ ২০২৩ দিনব্যাপী | ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ, ভিডিও প্রদর্শন ও বিশেষ অনুষ্ঠান প্রচার | -- | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট<br>২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট<br>৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>৪। স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানগণ<br>৫। ব্যবস্থাপক, সিলেট কেবল সিস্টেম, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | ৭ মার্চ ২০২৩ সুবিধামত সময়ে | বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টরী প্রদর্শনী এবং বঙ্গবন্ধুর কর্মময় জীবন নিয়ে চলচ্চিত্র প্রদর্শনী | -- | উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ৮. | ৭ মার্চ ২০২৩ সুবিধামত সময়ে | শিশু-কিশোর ও যুবদের জন্য বাংলাদেশ বেতারে বিশেষ অনুষ্ঠান প্রচার | -- | আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট |
| ৯. | ৭ মার্চ ২০২৩ বিকাল ৪.৩০ ঘটিকা | বঙ্গবন্ধুর কর্মময় জীবন নিয়ে ৩ দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনী | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সিলেট | জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ১০. | ৭ মার্চ ২০২৩ বিকাল ৫.০০ ঘটিকা | সংগীত, নৃত্য ও আবৃত্তি শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সিলেট | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১১. | ৭ মার্চ ২০২৩ সুবিধামত সময়ে | প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে সরাসরি ছাত্র-ছাত্রী/শিক্ষক ও অভিভাবকগণের উপস্থিতিতে ঐতিহাসিক ৭ই মার্চ বিষয়ে আলোচনা সভা ও ভাষণ প্রচার | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১। জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ১২. | ৭ মার্চ ২০২৩ বেলা ১২.০০ ঘটিকা | 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবসের তাৎপর্য তুলে ধরে জেলা প্রশাসক মহোদয়ের উপস্থিতিতে ইমামদের নিয়ে আলোচনা সভা | ইমাম প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| ১৩. | ৭ মার্চের পূর্বে সুবিধামত সময়ে | শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ভাষণ, আবৃত্তি, চিত্রাঙ্কন, সংগীত ও নৃত্য প্রতিযোগিতা আয়োজন | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১। জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ১৪. | ৭ মার্চের পূর্বে সুবিধামত সময়ে | ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর ভাষণ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন | জেলা শিশু একাডেমি, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |

**সিদ্ধান্তসমূহ:**

১। বর্ণিত কর্মসূচিতে নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ কমিশনার, এসএমপি ও উপজেলা পর্যায়ে নিরাপত্তা প্রদানের জন্য পুলিশ সুপার, সিলেট-কে অনুরোধ জানানো হয়।

২। উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা পর্যায়ে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জেলা কর্মসূচির সাথে সমন্বয় করে উপজেলা পর্যায়ে অনুরূপ কর্মসূচি গ্রহণ করবেন।

৩। বর্ণিত দিবস উদযাপন উপলক্ষে আয়োজিতব্য সকল অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৪। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে সরাসরি ছাত্র-ছাত্রী/শিক্ষক ও অভিভাবকগণের উপস্থিতিতে ঐতিহাসিক ৭ই মার্চ বিষয়ে আলোচনা সভা ও ভাষণ প্রচারের স্থিরচিত্র ধারণপূর্বক জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে নিম্নোক্ত উপকমিটি গঠন করা হয়:

**আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি**

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট | আহবায়ক |
| ২. | জনাব মো: মাহবুবুর রহমান, সিনিয়র সহকারী কমিশনার | - সদস্য |
| ৩. | জনাব নিবিড় রঞ্জন তালুকদার, সিনিয়র সহকারী কমিশনার | - সদস্য |
| ৪. | জনাব পল্লব হোম দাস, নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট | - সদস্য |
| ৫. | সহকারী পুলিশ কমিশনার (উত্তর), এসএমপি, সিলেট | - সদস্য |
| ৬. | সহকারী পুলিশ সুপার, সিলেট | - সদস্য |
| ৭. | জেলা কালচারাল অফিসার, সিলেট | - সদস্য |
| ৮. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট | - সদস্য |
| ৯. | জনাব সুব্রত চক্রবর্তী জুয়েল, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা | - সদস্য |
| ১০. | জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর | - সদস্য |

## পুষ্পস্তবক অর্পণ উপকমিটি

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| ১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট | - আহ্বায়ক |
| ২. অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন), সিলেট | - সদস্য |
| ৩. মিজ্ শাহিনা আক্তার, সিনিয়র সহকারী কমিশনার | - সদস্য |
| ৪. জনাব এন, এম, ইশফাকুল কবীর, সহকারী কমিশনার | - সদস্য |
| ৫. জনাব আহসানুল আলম, সহকারী কমিশনার | - সদস্য |
| ৬. মিজ্ নিশাত আঞ্জুম, সহকারী কমিশনার | - সদস্য |
| ৭. মিজ্ অর্পিতা হাওলাদার, সহকারী কমিশনার | - সদস্য |
| ৮. জনাব সুব্রত চক্রবর্তী জুয়েল, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা | - সদস্য |
| ৯. জনাব ভবতোষ রায় বর্মন, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট মহানগর | - সদস্য |

## প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার উপকমিটি

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট | - আহ্বায়ক |
| ২. মিজ্ মুশফিকীন নূর, সিনিয়র সহকারী কমিশনার | - সদস্য |
| ৩. জনাব মো: জসীম উদ্দিন, সহকারী কমিশনার | - সদস্য |
| ৪. মিজ্ সাদিয়া বিনতে সোলয়মান, সহকারী কমিশনার | - সদস্য |
| ৫. জনাব মো. মাহবুবুল ইসলাম, সহকারী কমিশনার | - সদস্য |
| ৬. জনাব মো: ওমর সানী আকন, সহকারী কমিশনার | - সদস্য |
| ৭. জনাব মো: নাহিদ নিয়াজ শিশির, সহকারী কমিশনার | - সদস্য |
| ৮. জনাব মো: ফিরোজ আহমদ, জেলা নাজির, সিলেট | - সদস্য |
| ৯. জনাব জনি চক্রবর্তী, সহকারী নাজির, সিলেট | - সদস্য |
| ১০. জনাব অসিত বরণ দাসগুপ্ত | |

'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস'-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/২/২০২৩

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট
ফোনঃ 2996632190
Email: dcsylhet@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০৭৭.২১. ৮৭

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯ / ২৮ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৪. বিভাগীয় কমিশনার, সিলেট
৫. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট
৬. পুলিশ কমিশনার, এস.এম.পি, সিলেট
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট
৮. পুলিশ সুপার, সিলেট
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
১০. সিভিল সার্জন, সিলেট
১১. উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট

১৩. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
১৪. জেলা ..........................................................................................কর্মকর্তা, সিলেট
১৫. নির্বাহী প্রকৌশলী, .................................................................................. (সকল), সিলেট
১৬. উপজেলা নির্বাহী অফিসার ........................................................................ (সকল), সিলেট
১৭. উপপরিচালক/সহকারী পরিচালক............................................................ (সকল), সিলেট
১৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ............................................................................., সিলেট
১৯. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা/মহানগর আওয়ামীলীগ, সিলেট
২০. নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি হুকুম দখল কর্মকর্তা, সিলেট
২১. সহকারী কমিশনার (ভূমি) (সকল), সিলেট
২২. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
২৩. সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা/মহানগর ইউনিট কমান্ড, সিলেট
২৪. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট
২৫. ............................................................................................., এনজিও/সংস্থা, সিলেট
২৬. ...................................................................................

২৮/২/২০২৩

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট